R. N. No. 2532/57 | Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-৫৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

'ছাউনির ক্ষেত্রে
অপূর্ব অবদান'
স্থায়িত্ব, নির্ভরতা, টেকসই ও মজবুতের জন্য একমাত্র এভারেষ্ট এ্যাসবেসটস শীট ব্যবহার করুন।
মহকুমার একমাত্র ডিলার :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

৬৩শ বর্ষ
১৬শ সংখ্যা
রঘুনাথগঞ্জ, ২২শে ভাদ্র, বুধবার, ১৩৮৩ সাল।
৮ই সেপ্টেম্বর, ১৯৭৬ সাল।
নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## ক্ষুদ্র শিল্পের উন্নয়নে সরকারী অনুদান

বিশেষ প্রতিনিধি, বহরমপুর, ৩ সেপ্টেম্বর—১ এপ্রিল ১৯৭৬ থেকে একটি নতুন প্রকল্প অনুযায়ী শিল্প স্থাপন ও বর্তমান শিল্প সংস্থাগুলির প্রভূত প্রসারণের জন্য রাজ্য সরকার উৎসাহ ও নানাবিধ সুবিধা প্রদান করছেন। এই সুবিধাগুলি সি এম ডি এ এলাকা ছাড়া সারা রাজ্যের অনুন্নত এলাকায় প্রযোজ্য হবে। ১৯৭৫ সালের ১ এপ্রিল-এর পর যে সমস্ত শিল্প প্রতিষ্ঠিত হয়েছে তাদের 'নতুন শিল্প' বলে অভিহিত করা হয়েছে এবং তারাই এই সুযোগ-সুবিধাগুলি ভোগ করতে পারবে। পুরনো শিল্প যদি ওই সময়ের পর নতুন করে মেয়াদ বাড়ায় তবে তারাও এর আওতায় আসবে। এখানে আজ এক সাংবাদিক সম্মেলনে মুর্শিদাবাদের অতিরিক্ত জেলা শাসক টি কে বোস এ তথ্য জানান।

ক্ষুদ্র শিল্পের উন্নয়নে সরকার যে অনুদানগুলি দেবেন তার মধ্যে রয়েছে মূলধন ভরতুকি, বিদ্যুৎ ভরতুকি, সুদ ভরতুকি, অন্যান্য সুযোগ সুবিধা, বিক্রয়কর ছাড় ও প্রান্তিক আমানত ছাড়। রাজ্য সরকার নতুন ক্ষুদ্র ও কুটির শিল্পের স্থায়ী মূলধন বিনিয়োগের শতকরা ১৫ ভাগ সরাসরি অনুদান হিসেবে প্রদান করবেন। কলকাতা বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠানের আওতার বাইরে পড়ে এমন সমস্ত অঞ্চলের নতুন এবং সম্প্রসারিত ক্ষুদ্রায়তন শিল্প সংস্থাগুলিকে তাদের ব্যবহৃত বিদ্যুৎ-বিলের শতকরা ২৫ ভাগ অনুদান দেবেন। এক্ষেত্রে দেয় বিদ্যুৎশুল্ক এর মধ্যে গ্রাহ্য হবে না। অনুন্নত অঞ্চলে নতুন শিল্প স্থাপন ও সম্প্রসারণের আওতায় যে সমস্ত ক্ষুদ্রায়তন শিল্প কার্যকরী মূলধনের উপর বছরে ২৫ হাজার টাকার অনধিক সুদ বহন করে, তারা সরাসরি বার্ষিক দেয় সুদের উপর শতকরা ৩ ভাগ ভরতুকির সুযোগ গ্রহণ করতে পারে, অবশ্য যদি তারা ঋণের টাকা নিয়মিত পরিশোধ করে। যে সমস্ত নতুন ক্ষুদ্রায়তন শিল্প সংস্থা ১-৪-৭৫ থেকে উৎপাদন শুরু করেছে তারা উৎপাদিত সামগ্রীর জন্য দেয় বিক্রয়কর হতে পরবর্তী তিন বছরের জন্য ছাড় পাবে। এ ক্ষেত্রে শিল্প সংস্থাটিকে অবশ্য রাজ্য কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তরের সঙ্গে রেজিষ্ট্রীকৃত হতে হবে। এবং এই দপ্তরের সঙ্গে রেজিস্ট্রীকৃত

( দ্বিতীয় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সরকারী খরচে বর্গাদারদের মামলা চালানো হবে

বিশেষ প্রতিনিধি, বহরমপুর, ৩ সেপ্টেম্বর—পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনে বর্গাদারদের অধিকতর অধিকার স্বীকৃত হয়েছে। এগুলির মধ্যে বর্গাজমিতে পুরুষানুক্রমিক অধিকার, নির্দ্ধারিত সরকারী কর্তৃপক্ষের আদেশ ব্যতীত কোন বর্গাদারকে উচ্ছেদ করা চলবে না ইত্যাদি অধিকারগুলি অন্যতম। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে যে কিছু কিছু স্বার্থান্বেষী জোতদার বিভিন্ন রকম কায়দায় বর্গাদারদের ওই সমস্ত অধিকার নস্যাৎ করে দিচ্ছেন। এই সব জোতদার অর্থবলে বলীয়ান হয়ে সমাজের দুর্বলতম শ্রেণী বর্গাদারদের বিভিন্ন রকমের মামলা-মোকর্দ্দমায় জড়িয়ে একদিকে নিজেদের স্বার্থ অক্ষুন্ন রাখতে সমর্থ হচ্ছেন, অন্যদিকে নিঃস্ব বর্গাদারদের আরো নিঃস্ব করে দিচ্ছেন। এ অবস্থায় সরকার নীরব দর্শক হয়ে থাকতে পারেন না। আজ এক সাংবাদিক সম্মেলনে জেলা ভূমি সংস্কার বিভাগের অতিরিক্ত জেলা শাসক পি বনমালী এ কথা জানিয়ে বলেন, তাই সরকার স্থির করেছেন যে, এখন থেকে সরকার বর্গাদারদের বিরুদ্ধে আনীত প্রতিটি মামলায় পক্ষভুক্ত হবেন এবং মামলা পরিচালনা করে বর্গাদারদের ন্যায্য স্বার্থ সংরক্ষণের চেষ্টা করবেন। সংশ্লিষ্ট জে এল আর ও এবং সেটেলমেন্ট বিভাগের কর্মচারী যাঁরা বর্তমানে জরীপের কাজে লিপ্ত আছেন তাঁদেরকে এই মর্মে নির্দেশ দেওয়া হল যে, তাঁরা বর্গাদার-

( তৃতীয় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## আ মরি বাঙলা ভাষা

নিজস্ব সংবাদদাতা, ৫ সেপ্টেম্বর—অতঃপর আমাদের জেলায় প্রশাসনিক কাজে বাঙলা ভাষার ব্যবহার চালু হতে চলেছে। প্রশাসনিক কাজে বাঙলা ভাষা ব্যবহার ত্বরান্বিত করার বিষয়ে কর্মপদ্ধতি নির্ধারণের জন্য গঠিত মুর্শিদাবাদ জেলার কার্যকরী সমিতির সাম্প্রতিক অনুষ্ঠিত সভায় গৃহীত ৮ দফা প্রস্তাব থেকে এ কথা জানা গেছে। প্রস্তাবে এই সমিতি জেলার বিভিন্ন সরকারী দপ্তরের ভারপ্রাপ্ত আধিকারিকদের অনুরোধ করেছেন, তাঁরা বা তাঁদের অধীনস্থ দপ্তরগুলি যেন তাঁদের চিঠিপত্র, বিশেষ করে জনসাধারণের সঙ্গে চিঠিপত্র লেখার সময় অবশ্যই বাঙলা ভাষা ব্যবহার করেন এবং দপ্তর নথিপত্রের মন্তব্যগুলি বাঙলা ভাষায় লেখেন। এ ছাড়াও

( ৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দীর্ঘতম সাঁতারে মহিলা সাঁতারু

বিশেষ প্রতিনিধি, ৫ সেপ্টেম্বর—মুর্শিদাবাদ জেলা সন্তরণ সংস্থা আয়োজিত বিশ্বের দীর্ঘতম সাঁতারের এবার সেরা খবর একজন মহিলা সাঁতারুর যোগদান। নাম রেখা ঠাকুর। কলকাতা ওরাই এম সি'র সদস্যা। জঙ্গিপুর থেকে গোরাবাজার ঘাট পর্যন্ত ভাগীরথী বক্ষে ৭৪·৪৮ কিলোমিটারের দীর্ঘতম এই সাঁতার প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হবে আগামী ১২ সেপ্টেম্বর। ওই দিনই একই সঙ্গে আরো দুটি সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। একটি জিয়াগঞ্জ থেকে গোরাবাজার ১৯ কিলোমিটার, অপরটি লালবাগ থেকে গোরাবাজার ১১ কিলোমিটার। শেষোক্ত প্রতিযোগিতাটি কেবলমাত্র মহিলাদের মধ্যে সীমাবদ্ধ থাকবে। জঙ্গিপুরের জন্য হলদে, জিয়াগঞ্জের জন্য সবুজ এবং লালবাগের জন্য কমলা রঙ-এর টুপি

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

সব ফসলের উপযোগী
জীবাণু সার
এ্যাজোটোব্যাকটর ও রাইজোবিয়াম
বাজারের নতুন সার
• দাম খুব কম
• ফলন বাড়ায় ১৫ শতাংশ
• জমির তেজ বাড়ায় আরো বেশী
প্রস্তুতকারক:
মাইক্রোবস ইণ্ডিয়া
৮৭, লেনিন সরণী, কলিকাতা-১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২২শে ভাদ্র বুধবার, সন ১৩৮৩ সাল

## মাধ্যমিক বোমা

বহু প্রতীক্ষিত, বহু জন আশঙ্কায়িত ও বহু বিলম্বিত পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ পরিচালিত নবসাজে সজ্জিত ১৯৭৬ সালের মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে গত শনিবার। একদিকে উদ্বেগ-উৎকণ্ঠার অবসান হইলেও কোন কোন ক্ষেত্রে তাহার নিরসন হয়নি বরং আরও তীব্রতর হইয়া পড়িতেছে। ইহার কথা পরে।

১,৪৩,২৮৩ জনের মেধা যাচাইয়ে দেখা গেল অর্দ্ধেকের বেশী 'দুর্মেধসঃ'। তাঁহারা উচ্চতর শিক্ষা গ্রহণের সবুজ সঙ্কেত পাইলেন না। পাস করিয়াছেন ৬৬,২০৯ জন পরীক্ষার্থী। বিষণ্ণ মূর্তি ৭৭,০৭৪ জনের। প্রথম বিভাগে উত্তীর্ণ ৩,৩৪১ জন ও দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ ২৩,৯৭২ জন উচ্চ শিক্ষা লাভের জন্য ভর্তির সম্মতি পাইতে হিমশিম খাইবেন না। তৃতীয় বিভাগে পাসেরা সর্বক্ষেত্রেই প্রায় সপত্নীসন্তানের আচরণ পান। এখানেও বোধ করি তাহাই হইবে। অথচ এই তৃতীয় বিভাগীয়েরা শিক্ষা প্রতিষ্ঠানে আয়ানুকূল্য প্রদান করেন; সংশ্লিষ্ট পরীক্ষকদের পরিশ্রম অনেক লাঘব করেন। কিন্তু কেন? মোট পাসের অর্দ্ধেকের চেয়েও বেশী ছাত্রই কি 'বোকা-গাধা-নিরেট'? ফেলেরাও এত অধিক সংখ্যায় 'আকাঠ মূর্খ'? বিশ্বাস করিতে মন চাহে না।

কোথাও না কোথাও এমন একটা বেসুর আছে, যাহাতে সম্পূর্ণ ঐকতান বাদনের পর্ব সমঝদারের কাছে মাটি হইতেছে। অর্থাৎ হয় শিক্ষাধারা, শিক্ষা-প্রণালী—না হয় পরীক্ষা গ্রহণ পদ্ধতি, সেই বেসুরের সৃষ্টি করিতেছে যাহার ফলে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলরূপ ঐকতান মাঠে মারা গিয়াছে এবং মাধ্যমিক পরীক্ষার ফলাফলেও তাহার ব্যত্যয় হয় নাই। কিন্তু গভীর পরিতাপের বিষয়, এই 'ম্যানাডি' থাকিয়াই যাইতেছে।

মাধ্যমিক শিক্ষাধারা ও পরীক্ষা পদ্ধতির নয়া ব্যবস্থা এত ছাত্রফেলের কি একটি কারণ? পাসের ব্যাপারে গ্রুপ-পদ্ধতি, পেপার ভিত্তিক ২০%, গ্রুপের বিষয় ভিত্তিক ৩৪% প্রভৃতি সুবিধাদানের ব্যাপার তেমন কার্যকরী হইতে পারিত যদি অঙ্ক, ভৌত-বিজ্ঞান ও জীববিজ্ঞানের পাঠ্য অংশগুলির মগজসংশ্লেষ ঘটিত। অঙ্কের নানা জ্যামিতিক চিহ্ন সমস্যা, এবং পাটীগণিতের অনুপাত, বীজগণিতীয় অভেদ ও ত্রিকোণমিতির ব্যাপারে 'গ্রেডেশন'-এর ত্রুটি লক্ষণীয় সাধারণ মেধার বিচারে। তাহার উপর আছে জীববিজ্ঞানের পারিভাষিক ধাক্কা।

শ্রুত হইতেছে যে, অতঃপর পরীক্ষায় পাস ফেল চিহ্নিত হইবে না। ইহার ফলে প্রবণতা অনুযায়ী কারিগরী, বৃত্তিমূলক ইত্যাদি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রেরা ভর্তি হইতে কোন অসুবিধা ভোগ করিবেন না। ইহা তখনই কার্যকরী হইবে, যদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলিও আপত্তির কোন ধুয়া না ধরে। তাহা ধরিলে ত ত্রিশঙ্কুর অবস্থা—না পাইবে আবার পরীক্ষা দেওয়ার সুযোগ, না পাইবে পরবর্তী শিক্ষার সুযোগ।

এবারে পাস হইলেন যাঁহারা, তাঁহাদের ২১ দিনের মধ্যে ভর্তি হইতে হইবে। 'কী পড়িব'—এই বাছাই একটা ঝামেলা, তাহাতে প্রায় তিন মাস চলিয়া গেল। ভর্তি, বই, পাঠ্য অংশ জানা এবং তদনুসারে নিরুপদ্রব অগ্রসরতার পথের অন্তরায় এখনও কিছু আছে। তেমনি চিন্তাকুল 'ইনকমপ্লিট'-এর আওতায় যাঁহারা রহিলেন তাঁহারাও প্রায় সাড়ে তিন হাজার। শিক্ষাধারা, শিক্ষাক্রম, শিক্ষা ব্যবস্থা, শিক্ষা পদ্ধতি প্রভৃতি বিষয় আরও ভাল করিয়া ভাবিয়া দেখিতে হইবে। তবেই প্রচলিত পরীক্ষা ফলপ্রসূ। নচেৎ ইহা আর এক মেধামেধ।

## মৃতদেহ উদ্ধার

সাগরদীঘি থানার রতনপুর ও বোখারার মাঝে জাতীয় সড়কের একটি সেতুর নীচে জনৈক পাঞ্জাবীর মৃতদেহ ক্ষত-বিক্ষত অবস্থায় পাওয়া গিয়েছে গত সোমবার।

### ক্ষুদ্র শিল্পের উন্নয়নে অনুদান

( ১ম পাতার পর )

ক্ষুদ্রায়তন শিল্প সংস্থাগুলিকে তাদের উৎপাদিত দ্রব্যসামগ্রী সরকারী দপ্তরগুলিতে সরবরাহের উদ্দেশ্যে টেণ্ডারের জন্য কোন প্রান্তিক আমানত জমা দিতে হবে না। এ ছাড়াও এই সমস্ত সংস্থাকে ছাউনির জন্য দেয় ভাড়ার শতকরা ২৫ ভাগ প্রথম বছরে এবং পরবর্তী বছরের জন্য শতকরা ১৫ ভাগ অনুদান রাজ্য সরকারের কাছ হতে দেওয়া হবে; যদি এগুলি নিয়মিত চালু থাকে এবং সন্তোষজনকভাবে কাজ চালাতে পারে।

যে সব শিল্প সংস্থা রাজ্য কুটির ও ক্ষুদ্র শিল্প আধিকারিকের সঙ্গে রেজিষ্ট্রীবদ্ধ কেবল তারাই এই সুযোগ পেতে পারে। যে সমস্ত সংস্থা সরকার, ব্যাঙ্ক বা অন্য কোন উন্নয়নমূলক সংস্থাকে দেয় ঋণ পরিশোধ করবে না তারা এই সুযোগ থেকে বঞ্চিত হবে। জেলা শাসক ও গ্রামীণ শিল্প প্রকল্পের প্রকল্প আধিকারিককে নিয়ে গঠিত একটি কমিটি প্রতিটি দরখাস্ত দেখে ঠিক করবেন কোন্ কোন্ সংস্থাকে সুযোগগুলি দেওয়া হবে।

## জঙ্গিপুরে শিক্ষক দিবস

জঙ্গিপুর, ৫ সেপ্টেম্বর—আজ সর্বপল্লী ডাঃ রাধাকৃষণের জন্মদিবসটি সারা দেশের সঙ্গে জঙ্গিপুর মহকুমাতে বিবিধ অনুষ্ঠানের মাধ্যমে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। এতদুপলক্ষে প্রত্যুষে প্রভাতফেরি, অপরাহ্ণে স্থানীয় ম্যাকেঞ্জি মাঠে প্রাথমিক শিক্ষক বনাম হাই স্কুল শিক্ষকদের এক প্রীতিপূর্ণ ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। সন্ধ্যায় এস ডি ও কোর্ট রিক্রিয়েশন ক্লাবের মঞ্চে সভ্যদের কর্তৃক 'আবার আসিব ফিরে' ও রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের দ্বারা 'চণ্ডালিকা' নৃত্যনাট্য অনুষ্ঠিত হয়। শিক্ষক দিবস উপলক্ষে আজ রঘুনাথগঞ্জ ছায়াবাণী সিনেমায় ইভিনিং শো-এর টিকিট করমুক্ত করা হয় এবং সেই শো-এর টিকিট বিক্রয়ের ৩০৯.৭০ টাকা শিক্ষক দিবস তহবিলে দান করার সিদ্ধান্ত নেন সিনেমা কর্তৃপক্ষ। এ ছাড়াও একই উপলক্ষে বংশবাটীতে ফুটবল ও সন্তরণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

## জঙ্গিপুরে বনমহোৎসব

রঘুনাথগঞ্জ, ৪ সেপ্টেম্বর—আজ জঙ্গিপুর মহকুমার সপ্তবিংশতিতম বনমহোৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন অতিরিক্ত জেলাশাসক তাপসকুমার বসু। প্রধান অতিথির আসন অলংকৃত করেন স্থানীয় মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ সচ্চিদানন্দ ধর। উক্ত অনুষ্ঠানে ছয়টি চারা রোপণ করা হয়।

## বিদ্যালয়ের দ্বারোদ্ঘাটন

জঙ্গিপুর, ৫ সেপ্টেম্বর—আজ বিকেলে লুথারান ওয়ারল্ড সারভিস কর্তৃক নবনির্মিত মির্জাপুর বালিকা বিদ্যালয়ের দ্বারোদ্ঘাটন করেন মিঃ এসলার, এডিটার অফ দি ব্রেড ফর দি ওয়ার্ল্ড। উক্ত অনুষ্ঠানে পৌরোহিত্য করেন মহকুমা শাসক মীরা সেনগুপ্ত।

Government of West Bengal
Office of the District Magistrate, Murshidabad.
M.V. Department.

## NOTICE

As required u/s 57 of Motor Vehicles Act, it is notified for the information of all concerned that the 3 ( three ) valid applications have been received in the office of the undersigned for grant of permanent routs permit to be provided against "Berhampore to Radhanagarghat via Beldanga" routs.

The list of the applicants showing their names and addresses will be displayed in the notice board of the office of the R.T.A. Murshidabad for inspection from 26. 8. 76.

Representation/Objection, if any, in this connection will be received in the office of the undersigned upto 5-30 P. M. of 27. 9. 76. The actual date and time of the R. T. A. meeting will be notified in due course.

Name of the route : BERHAMPORE to RADHANAGARGHAT Via BELDANGA.

| Sl. No. | Name of the applicant with address |
|---|---|
| 1. | Shri Mihir Chakraborty & 2 others<br>S/O Shri Niranjan Chakraborty.<br>Vill.—Chhamugram, P. O. Manigram<br>Dist Murshidabad |
| 2. | Shri Samsuzzoha Mollick<br>S/O Marfat Mollick<br>Vill, & P. O. Diara, Dt. Murshidabad. |
| 3. | Shri Sadananda Sen<br>S/O Late Nripendra Nath Sen<br>Pranchand Nandi Lane (Gorabazar)<br>P. O. Berhampore Murshidabad |

Sd/- A. K. BALA
Secretary R. T. A., Murshidabad.

Issued by the District Information & Public Relations Officer, Murshidabad, Berhampore

Order No. 491(8) Inf./M/Advt. dt. 23. 8. 76.

## দীর্ঘতম সাঁতারে মহিলা সাঁতারু

( ১ম পৃষ্ঠার পর )

তিনটি প্রতিযোগিতার পার্থক্য নির্দেশ করবে। পুরস্কার বিতরণী অনুষ্ঠান হবে কুমার হোষ্টেল প্রাঙ্গণে। মুখ্যমন্ত্রীসহ একাধিক মন্ত্রী সেখানে উপস্থিত থাকবেন।

গত শুক্রবার বহরমপুর সারকিট হাউসে এক সাংবাদিক সম্মেলনে জেলা শাসক এন রামজী জানান, ৭৪'৪৮ কিমির সাঁতারে ২০ জন প্রতিযোগী অংশ গ্রহণ করবেন। এঁদের মধ্যে রেখা ঠাকুর, শক্তিপদ রজক ও সহদেব দাসের নাম উল্লেখযোগ্য। রঘুনাথগঞ্জ সদরঘাটে আনুষ্ঠানিকভাবে ১২ সেপ্টেম্বর সকাল সাড়ে পাঁচটায় প্রতিযোগিতার উদ্বোধন করবেন রাজ্য স্বাস্থ্য মন্ত্রী অজিত পাঁজা। ওই দিন জিয়াগঞ্জ সদরঘাটে সকাল সাড়ে এগারটায় ১৯ কি মি সাঁতার প্রতিযোগিতার উদ্বোধন করবেন রাজ্য তথ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়। ৩৬ জন প্রতিযোগী এতে অংশ নেবেন। এঁদের মধ্যে আমাদের জেলার সন্ধ্যা সাহা নামে একজন মহিলা সাঁতারু রয়েছেন। ওই দিনই বেলা দেড়টায় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় লালবাগ ওয়াসেফ মঞ্জিল ঘাটে ১১ কি মি প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। ১৪ জন মহিলা সাঁতারু এতে অংশ নিচ্ছেন। এঁদের মধ্যে একজন ত্রিপুরার, নাম সুচিত্রা সরকার। ত্রিপুরা ছাড়া পঃ বঙ্গের বাহিরে জব্বলপুর থেকে একজন সাঁতারু এবার ৭৪'৪৮ কিমি প্রতিযোগিতায় অংশ নিচ্ছেন।

**জঙ্গিপুরের দু'জনঃ** জঙ্গিপুর, ৫ সেপ্টেম্বর বিশ্বের দীর্ঘতম সন্তরণ প্রতিযোগিতায় এবার জঙ্গিপুর মহকুমা থেকে দু'জন প্রতিযোগী অংশ গ্রহণ করছেন। শিবশঙ্কর ভকত ও অতুলকুমার প্রামাণিক তাঁদের নাম। উল্লেখ করা যেতে পারে, জঙ্গিপুর মহকুমা থেকে সাঁতার প্রতিযোগিতায় অংশ গ্রহণের ঘটনা এই প্রথম।

## "শিক্ষক চাই"

সম্পাদকের নিকট ৭ দিনের মধ্যে একজন বিজ্ঞান স্নাতক শিক্ষক পদের জন্য লিখুন।

আলিনস্করপুর জুঃ হাই স্কুল
(প্রস্তাবিত)
পোঃ নিমতিতা, জেলা মুর্শিদাবাদ।

## সরকারী খরচে বর্গাদারদের মামলা চালানো হবে

( ১ম পৃষ্ঠার পর )

দের সঙ্গে যোগাযোগ করে এরূপ ঘটনাবলী সংগ্রহ করবেন এবং ভূমি সংস্কার বিভাগের অতিরিক্ত জেলা শাসককে রিপোরট দিবেন। তিনি সরকারী উকিল নিযুক্ত করে মামলায় পক্ষভুক্ত হয়ে সরকারী খরচে মামলা পরিচালনা করবেন। বর্গাদারদেরও অনতিবিলম্বে ঐরূপ ঘটনাবলী ওই সমস্ত সরকারী কর্মচারীদের অথবা সরাসরি অতিরিক্ত জেলা শাসকের গোচরে আনতে সচেষ্ট হতে হবে।

এক প্রশ্নের উত্তরে জানা যায়, আনরেকরডেড বর্গাদারদের নাম রেকরড করার জন্য জে এল আর ও-দের ১৫ (ক) ধারাবলে ক্ষমতা দেওয়া হয়েছে এবং তাঁরা ভাগচাষ অফিসার হিসেবে বর্গাদারদের নাম রেকরড করছেন। জে এল আর ও-দের রেকরড মেমোর পরও যদি বর্গাদার উচ্ছেদের ঘটনা ঘটে এবং ১৯ (খ) ধারায় প্রমাণ হয় তবে জোতদারের উৎপাদিত ফসলের ৭৫% বর্গাদারকে দেওয়া হবে এবং বাকী ২৫% রাজ্য সরকারে বর্তাবে।

## ডাকাতের ছোরায় গৃহস্বামী জখম

সাগরদীঘি, ৬ সেপ্টেম্বর—গত শুক্রবার রাত্রে এই থানার গোবর্ধনডাঙা গ্রামে একদল সশস্ত্র ডাকাত কলিমুদ্দিন সরকারের বাড়ীতে হানা দিয়ে নগদে ও জিনিসপত্রে প্রায় ১২ হাজার টাকা লুঠ করে। এবং গৃহস্বামীর শরীরে চার জায়গায় ছোরার আঘাত করে। আহত গৃহস্বামীকে আজিমগঞ্জ প্রাথমিকস্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়েছে।

Wanteda B. A. (pref. trd.) teacher in dep. vac. for Kanupur N.J. Jr. High School, P. O. Kanupur, Dist. M s d. Please appear for interview on 19.9. 76 at 11 A. M. with application and certificates.

N. Sinha
SECRETARY,
Kanupur N. J. Jr. High School.

## টিকিট করেও রেহাই নেই

নিজস্ব সংবাদদাতা, রঘুনাথগঞ্জ : স্থানীয় খড়খড়ি নদীতে কার্তিক মাস পর্যন্ত এক সীজন ছিপে মাছ ধরার জন্যে জনপ্রতি দশ টাকা ইজারাদারদের কাছে জমা দিয়ে ছোট্ট এই নদীর দুই তীরে বহু সৌখীন এবং রুজি-প্রয়াসী ব্যক্তি প্রতিদিন সছিপ অতন্দ্র সাধনায় মগ্ন থাকার দৃশ্য দেখা যাচ্ছে। প্রথম দিকে মাছ শিকার ভাল হচ্ছিল। কিন্তু খড়খড়ি সেতুর দক্ষিণ অংশের ছিপধারীরা বিরাট অভিযোগ তুলেছেন। দিন কয়েক হতে বেড়া-জাল, ফাঁসজাল, বাসাল জাল ও থাপলা জালের জমাকারীরা ছিপ-এলাকায় মাছ ধরছে। জাল ফেলার জন্যে ছিপের চারে মাছ আসে না। ফলে সকলকেই শূন্যহাতে ফিরতে হচ্ছে। গত ২৫-৮-৭৬ তারিখ নদীর এই অংশের এক ইজারাদারের উপস্থিতিতেই ছিপ-এলাকায় ফাঁসজাল জমাকারীরা জাল ফেলায় ছিপধারীরা সরব প্রতিবাদ জানান। কিন্তু কোন ফল হয়নি। ছিপের জন্যে টাকা নিয়ে ওই এলাকায় জালে মাছ ধরার জন্যে জমা নেওয়ায় এবং সর্বোপরি চার-করা এলাকায় জালের অত্যাচার হওয়ায় ছিপধারীরা ইজারাদারের উপর অত্যন্ত ক্ষুব্ধ।

**মণীন্দ্র সাইকেল ষ্টোরস্**
রঘুনাথগঞ্জ
হেড অফিস—**সদরঘাট**
ব্রাঞ্চ—**ফুলতলা**
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**
পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

## আ মরি বাঙলা ভাষা

(১ম পৃষ্ঠার পর)

বাঙলা টাইপ যন্ত্র ক্রয়, বাঙলা ভাষা টাইপের প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং ভবিষ্যতে সরকারী দপ্তরে টাইপিষ্ট নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের প্রয়োজনীয় যোগ্যতা হিসেবে বাঙলা ভাষায় টাইপ জ্ঞান থাকা আবশ্যিক গণ্য করতে নিয়োগকর্তাদের এই সমিতি বিশেষভাবে অনুরোধ করেছেন। দ্রুত লেখক (ষ্টেনোগ্রাফার) নিয়োগের ক্ষেত্রেও বাঙলা ভাষায় দ্রুত লিখন জ্ঞান আবশ্যিক যোগ্যতা হিসেবে বিবেচনা বাঞ্ছনীয় বলে সমিতি মনে করেন। মুর্শিদাবাদ জেলার জরীপ বিভাগ ইতিমধ্যেই জনসাধারণের সঙ্গে পত্রালাপ এবং অধীনস্থ দপ্তরসমূহে নির্দেশাবলী প্রেরণে বাঙলা ভাষার ব্যাপক প্রচলন করায় সমিতি সন্তোষ প্রকাশ করেছেন এবং আশা করছেন যে, অন্যান্য বিভাগীয় দপ্তরগুলিতে বাঙলা ভাষার প্রচলন ব্যাপক হবে।

গৃহীত প্রস্তাবের অনুলিপি জেলার সমস্ত রকম সরকারী দপ্তরে পাঠানোর কাজ শুরু হয়েছে। অতিরিক্ত জেলা শাসক টি কে বসু গত শুক্রবার জেলার সাংবাদিকদের জানিয়েছেন যে, কালেকটরেটে বাঙলায় নথী ও চিঠির প্রচলন ইতিমধ্যেই চালু হয়ে গিয়েছে এবং জেলা শাসক নিজে কয়েকটি বাঙলা চিঠি ছেড়েছেন।

*প্রকাশের পথে –*


**শারদীয়া, জঙ্গিপুর সংবাদ**

দুর্লভ প্রবন্ধ, গল্প এবং কবিতায় সমৃদ্ধ হয়ে শীঘ্রই প্রকাশিত হচ্ছে।

*এখন দুর্গাপুর সিমেন্ট*
*২১.৫০ পঃ মূল্যে*
*পাওয়া যাচ্ছে*
**মাঙ্গিলাল মুন্দ্রা** (ষ্টকিষ্ট)
জঙ্গিপুর ফোন– ২১
সৌজন্যে : **মুন্দ্রা বস্ত্রালয়**
জঙ্গিপুর ফোন—৩৯

আর কয়লা ব্যবহারের প্রয়োজন নেই
**ধোঁয়াহীন জ্বালানী আজই ব্যবহার করুন**
- এতে ধোঁয়া একেবারেই হয় না।
- আঁচও বেশ জোরালো এবং বহুক্ষণ স্থায়ী হয়।
- কয়লা ভাঙ্গার কোন ঝামেলাই থাকে না।
- ★ রান্নার সরঞ্জামে কালো দাগ লাগার কোন প্রশ্নই উঠে না।
- হ্যাঁ, ঘরও বেশ পরিচ্ছন্ন থাকে।
- এর ব্যবহার ঠিক কয়লার মতই সহজ।
- ★ রান্নার পর জ্বলন্ত অবস্থায় এগুলোকে চিমটে দিয়ে তুলে ঠাণ্ডা করে রাখলে পরদিন আবার ব্যবহার করতে পারা যায়।

প্রস্তুতকারক—মডার্ণ ব্রিকেট্ ইনডাস্ট্রিজ
মিঞাপুর
রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)




**ধুলিয়ান শহীদ নলিনী ভ্রাতৃ সংঘ আয়োজিত**
**কলকাতা নট্ট কোম্পানীর দু'রাত্রিব্যাপী**
**বিরাট যাত্রানুষ্ঠান**
১২ই অকটোবর—'মা - মাটি - মানুষ'
১৩ই অকটোবর—'নটী বিনোদিনী'
সময় : রাত্রি ৮ ঘটিকা
স্থান : ধুলিয়ান থানার সামনে (পটলবাবুর মাঠ)
বিঃ দ্রঃ—যাত্রাশেষে বিভিন্ন রুটের বাস পাওয়া যাবে।

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।